“মহান আল্লাহ বলেছেন : আমি আমার পুণ্যবান বান্দাদের জন্য এমন জিনিস তৈরি করে রেখেছি, যা কোন চক্ষু দেখেনি, কোন কান শুনেনি এবং যার সম্পর্কে কোন মানুষের মনে ধারণাও জন্মেনি।”

আবু হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : “মহান আল্লাহ বলেছেন : আমি আমার পুণ্যবান বান্দাদের জন্য এমন জিনিস তৈরি করে রেখেছি, যা কোন চক্ষু দেখেনি, কোন কান শুনেনি এবং যার সম্পর্কে কোন মানুষের মনে ধারণাও জন্মেনি।” আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলেন: তোমরা চাইলে এ আয়াতটি পাঠ করতে পারো: “কেউ জানেনা তাদের জন্য তাদের চোখ জুড়ানো কি জিনিস লুকায়িত রাখা হয়েছে। [সূরা আস-সাজদাহ: ১৭]

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, আল্লাহ তাআলা বলেছেন : আমি আমার সৎকর্মশীল বান্দাদের জন্য জান্নাতে এমন সম্মান ও মর্যাদা প্রস্তুত করে রেখেছি, যা কোনো চোখ দেখেনি, কোনো কান শোনেনি এবং কোনো মানুষের হৃদয়েও তার প্রকৃতি সম্পর্কে ধারণা জন্মেনি। আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বলেছেন : যদি তোমরা চাও, তাহলে (এর প্রমাণস্বরুপ) তিলাওয়াত করো: {فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ} অর্থাৎ "কোনো প্রাণই জানে না তাদের জন্য চোখের শান্তি হিসেবে কী লুকিয়ে রাখা হয়েছে।" (সূরা আস-সাজদা, আয়াত: ১৭)

http://www.sunnah.global/hadeeth/bn/show/10404